




KNOW YOUR RIGHTS

As an Employee

সারাংশ

- আপনার ধর্মীয় বিশ্বাস বা চর্চা, যার মধ্যে রয়েছে, দাড়ি রাখা, প্রার্থনার জন্য বিরতি, হিজাব এবং জুম্মাহ (শুক্রবার) প্রার্থনা করতে যাওয়া, ইত্যাদি ক্ষেত্রে পূর্ণ অধিকার রয়েছে আপনার, এবং আপনার নিয়োগকর্তাকে যৌক্তিকভাবে এসকল চর্চা পালনের সুবিধা দিতে হবে।
- আপনার নিয়োগকর্তাকে নিশ্চিত করতে হবে যে আপনি যেন মুসলিম-বিরোধী অপমান, হয়রানি অথবা অবাস্তব এবং অত্যধিক হারে ধর্মভারিত হওয়ার ইঙ্গিতের মুখোমুখি না হন।
- আপনার অভিযোগের প্রেক্ষিতে আপনার প্রতি বিরুদ্ধ আচরণ করা আপনার নিয়োগকর্তার জন্য আইনগতভাবে অবৈধ।
- কাজের ক্ষেত্রে বৈষম্য বা হয়রানিমূলক ঘটনার বিরুদ্ধে সিএআইআর-এর কাছে রিপোর্ট করুন।



KNOW YOUR RIGHTS

As an Employee

এই তথ্য আইনি পরামর্শ বিবেচনা করা উচিত নয়।



WWW.CAIR.COM



Council on American-Islamic Relations

একজন চাকরিজীবী হিসেবে আপনার অধিকারগুলো জানুন

১৯৬৪ নাগরিক অধিকার বিষয়ক আইনের ৭ নম্বর ধারা, রাষ্ট্রের সরকারি এবং কমপক্ষে ১৫ জন চাকরিজীবীসহ বেসরকারি উভয় সেক্টরের চাকরিজীবীদের জাতিগত, ধর্মগত, জাতীয়তা মূলগত এবং লিঙ্গগত বৈষম্য থেকে রক্ষা করে। ৭ নম্বর ধারাটি যুক্তরাষ্ট্রীয় ধারা এবং সমগ্র দেশে এর প্রয়োগ রয়েছে। আপনার স্টেট বা প্রদেশেও রাষ্ট্রীয় আইনের অধীনে সম্ভবত একই ধরনের বা কিছু আনুষঙ্গিক সুরক্ষা রয়েছে। রাষ্ট্রীয় আইনের সহায়তার জন্য আপনার স্থানীয় সিএআইআর চ্যাপ্টারের সাথে যোগাযোগ করুন।

৭ নম্বর ধারা আপনার যেসব অধিকার রক্ষা করে:

- + **ন্যায্য ধর্মীয় সমঝোতা:** একজন নিয়োগকর্তাকে অবশ্যই তার চাকরিজীবীর ধর্মীয় বিশ্বাস বা চর্চার সাথে সমঝোতা করে চলতে হবে যদি না সেটা করলে নিয়োগকর্তার ব্যবসায় একটা অযৌক্তিক বোঝা তৈরী হয়। নিয়োগকর্তা যদি আপনার ধর্মীয় চর্চাগুলোর সাথে সমঝোতা করতে ব্যর্থ হন তবে কর্মসংস্থান বৈষম্যের সৃষ্টি হতে পারে। 'ধর্মীয় চর্চা'র মধ্যে রয়েছে দাড়ি রাখা, প্রার্থনার জন্য বিরতি, হিজাব এবং জুম্মাহ (শুক্রবার) প্রার্থনা করতে যাওয়া।
- + **কাজে নেওয়া, কাজ থেকে বাদ দেয়া, এবং পদন্নোতির ক্ষেত্রে সততা:** একজন নিয়োগকর্তা যখন আপনার চাকরীর অবস্থানকে প্রভাবিত করে এমন সিদ্ধান্ত নেবেন তখন ধর্ম বিবেচনা করা তার জন্য নিষিদ্ধ।
- + **একটি অনুকূল কাজের পরিবেশ:** আপনার নিয়োগকর্তাকে নিশ্চিত করতে হবে যে আপনি যেন মুসলিম-বিরোধী অপমান, হয়রানি অথবা অবাঞ্ছিত এবং অত্যাধিক হারে ধর্মান্তরিত হওয়ার ইঙ্গিতের মুখোমুখি না হন।
- + **পাল্টা প্রতিশোধের ভয় ছাড়াই বৈষম্য সংক্রান্ত অভিযোগ করা:** তথাকথিত চাকরী সংক্রান্ত বৈষম্যের বিরুদ্ধে আপনার রিপোর্ট করার অধিকারের ব্যাপারে যুক্তরাষ্ট্রীয় আইন নিশ্চয়তা দেয়। আপনার অভিযোগের প্রেক্ষিতে আপনার প্রতি বিরুদ্ধ আচরণ করা আপনার নিয়োগকর্তার জন্য আইনগতভাবে অবৈধ।

যখন কাজের ক্ষেত্রে বৈষম্যের শিকার হবেন:

- + শান্ত এবং ভদ্র থাকুন।
- + দোষী ব্যক্তিকে জানান যে আপনার বিশ্বাস যে তার কাজটি বৈষম্যমূলক।
- + কোম্পানির ম্যানেজারের কাছে বৈষম্যমূলক আচরণের লিখিত রিপোর্ট দিন।
- + মেমো, বিস্তারিত জার্নাল, সাক্ষীর উপস্থিতি টুকে রেখে এবং লিখিত অভিযোগ রেখে বৈষম্য সংক্রান্ত ডকুমেন্ট রাখা শুরু করে দিন। নিশ্চিতভাবে সব উপকরণের অনুলিপি রাখুন। প্রমাণের "ধারাবাহিক কাগজপত্র" রাখা জরুরি।
- + একজন আইনজীবীর পরামর্শ ছাড়া কোনো ডকুমেন্ট স্বাক্ষর করবেন না বা পদত্যাগ করবেন না।
- + সিএআইআর-এ একটি রিপোর্ট ফাইল করার জন্য যোগাযোগ করুন।

